# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**09 SEPTEMBER 2025** **7:45—7:55 PM**

---

(১) সিপি রাধাকৃষ্ণণ ভারতের পঞ্চদশ উপ-রাষ্ট্রপতি নির্বাচিত।

(২) নেপালে অভূতপূর্ব হিংসাত্মক পরিস্থিতির মধ্যে দেশটির প্রধানমন্ত্রী কে পি শর্মা অলির পদত্যাগ/ ভারত সরকারের পক্ষ থেকে নেপালে বসবাসকারী ভারতীয়দের ভারতীয় দূতাবাসের সঙ্গে যোগাযোগ রাখার পরামর্শ/

(৩) কাছাড় পুলিশের বিগত ২৪ ঘন্টায় আরো দুজন ভূঁয়ো চিকিৎসককে গ্রেপ্তার/

এবং

(৪) শ্রীভূমি জেলার মকইভাঙ্গার কাছে কান্দিগ্রামে এক সড়ক দুর্ঘটনায় একজন ই-রিক্সা চালক নিহত/

---------------------------------------------------------------------------------

সি পি রাধাকৃষ্ণণ ভারতের পঞ্চদশ উপ-রাষ্ট্রপতি নির্বাচিত হয়েছেন । জাতীয় গণতান্ত্রিক মোর্চা- এন ডি এ'র মনোনীত প্রার্থী শ্রী রাধাকৃষ্ণন ৪৫২টি ভোট পেয়ে এই নির্বাচনে জয়লাভ করেছেন । মহারাষ্ট্রের রাজ্যপাল হিসেবে কর্মরত শ্রী রাধাকৃষ্ণন আই এন ডি আই প্রার্থী সুপ্রীম কোর্টের প্রাক্তন বিচারপতি বি. সুদর্শন রেড্ডিকে হারিয়ে বিজয়ী হয়েছেন । উল্লেখ্য- নতুন সংসদ ভবনে আজ অনুষ্ঠিত নির্বাচনে প্রবীণ বি জে পি নেতা এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভোটদান করেন । লোকসভা ও রাজ্যসভার সদস্যরাও ভোটদান করেন । আজ সকাল ১০ টা থেকে ভোটদান শুরু হয় এবং বিকেল ৫ টায় শেষ হয় । সাংবিধানিক ব্যাবস্থা অনুযায়ী লোকসভা ও রাজ্যসভার সদস্যদের নিয়ে গঠিত ভোটদাতারা সমানুপাতিক প্রতিনিধিত্বের ভিত্তিতে উপরাষ্ট্রপতি

পদের জন্য গোপন ব্যালটের মাধ্যমে ভোটদান করেন । আজ লোকসভা ও রাজ্যসভার মোট ৭৮১ জন সাংসদের ৯৬ শতাংশই তাঁদের ভোটাধিকার সাব্যস্ত করেন ।
উল্লেখ্য পূর্বের উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনকর গত জুলাই মাসে পদত্যাগ করার জন্য এই নির্বাচন অনুষ্ঠিত হয়েছে ।

---

নেপালে ফেসবুক, ইউটিউব ইত্যাদি ২৬ টি মাধ্যমের ওপর নিষেধাজ্ঞা আরোপের প্রতিবাদে ওই দেশের যুবাদের চালানো হিংসাত্মক বিক্ষোভের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রী কে পি শর্মা অলি পদত্যাগ করেছেন । আজ দুপুরে রাষ্ট্রপতি রামচন্দ্র পোড়েল প্রধানমন্ত্রীর পদত্যাগ -পত্র গ্রহণ করেন । উল্লেখ্য রাজধানী কাঠমান্ডু ও দেশের অন্যান্য প্রান্তে গতকাল যুব প্রজন্মের বিক্ষোভ নিয়ন্ত্রণের জন্য নিরাপত্তাবাহিনীর গুলিচালনায় ১৯ জন প্রতিবাদকারী নিহত এবং বেশকয়েকজন আহত হন ।নেপাল সরকার গতকাল বিকেলে সামাজিক মাধ্যমের ওপর আরোপ করা নিষেধাজ্ঞা প্রত্যাহার করলেও সান্ধ্য আইনের মধ্যে আজ সমগ্র দেশে পুনরায় প্রতিবাদের সৃষ্টি হয় । প্রতিবাদকারীরা আজ কাঠমান্ডুতে থাকা দেশের সংসদভবন এবং রাষ্ট্রপতি ভবনে অগ্নিসংযোগ করা সহ বেশকয়েকজন মন্ত্রীর বাসভবনেও অগ্নিসংযোগের চেষ্টা চালায় । নেপালের সেনাবাহিনি প্রধান জেনারেল অশোকরাজ সিকডেল প্রতিবাদকারীদের হিংসাত্মক প্রতিবাদ থেকে বিরত থাকার আহ্বান জানিয়েছেন । কাঠমান্ডুর ত্রিভুবন আর্ন্তজাতিক বিমানবন্দর বর্তমানে বন্ধ করে দেওয়া হয়েছে ।

---

ভারত সরকার সেদেশের পরিস্থিতির উপর নিরন্তর দৃষ্টি রেখে চলেছে এবং নেপালে বসবাসকারী ভারতীয়দের ভারতীয় দূতাবাসের সঙ্গে যোগাযোগ রাখার পরামর্শ দিয়েছে । কাঠমান্ডুস্থিত ভারতীয় দূতাবাসে ইতিমধ্যে দুটো ফোন নম্বর চালু করা হয়েছে । বৈদেশিক পরিক্রমা মন্ত্রণালয় নেপালের পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত সেই দেশ ভ্রমণে না যেতে ভারতীয় নাগরিকদের পরামর্শ দিয়েছে । নেপালের সঙ্গে থাকা ভারতের সীমান্তে সশস্ত্র সীমা বল'এর প্রহরা আরো শক্তিশালী করা হয়েছে । এয়ার ইন্ডিয়া এবং ইন্ডিগো এয়ারলাইন্স সহ ভারতীয় বিমান সংস্থাগুলি নেপাল অভিমুখী সবকটি বিমানের যাত্রা বাতিল করেছে ।

---

গৌহাটি হাইকোর্ট আদালত অবমাননার মামলায় বিদ্যালয় শিক্ষা বিভাগের সচিব নারায়ণ কোঁয়র এবং প্রাথমিক শিক্ষা সঞ্চালক সুরঞ্জনা সেনাপতিকে সশরীরে আদালতে হাজির হওয়ার নির্দেশ দিয়েছে । আদালতের নির্দেশ অনুযায়ী আগামী ১৫ই সেপ্টেম্বর এই দুই

আধিকারিককে আদালতে উপস্থিত থাকতে হবে । উল্লেখ্য- গৌহাটি হাইকোর্ট পূর্বে একাংশ সি-টেট উত্তীর্ণ প্রার্থীকে নিযুক্তি দিতে প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয়কে নির্দেশ দিয়েছিল । কিন্তু আদালতের নির্দেশের পরও নিযুক্তির পথ প্রশস্ত না হওয়ায় প্রার্থীরা পুনরায় হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন ।

------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ গত ২৪ ঘন্টায় অভিযান চালিয়ে দুজন ভূঁয়ো চিকিৎসককে গ্রেপ্তার করেছে । শিলচর থেকে পঙ্কজ চৌধুরী এবং কালাইন থেকে সুবীর চৌধুরী নামের দুই ভূঁয়ো চিকিৎসক বহুদিন ধরে চিকিৎসার নামে প্রতারণা করে আসছিল । আসাম মেডিকেল রেজিস্ট্রেশন কাউন্সিলের এ্যান্টি-কুয়াক্রি ভিজিলেন্স আধিকারিক ডাঃ অভিজিৎ নিয়োগের দাখিল করা অভিযোগের ভিত্তিতে শিলচর লিংকরোড থেকে পঙ্কজ চৌধুরী, যিনি গ্যাস্ট্রোএন্ট্রোলজিস্ট এবং ডায়াবেটিস বিশেষজ্ঞ বলে নিজেকে পরিচয় দিয়ে আসছিলেন, এবং কালাইনের বাসন্তী ফার্মেসির থেকে সুবীর চৌধুরী, যিনি এম বি বি এস চিকিৎসক বলে নিজেকে পরিচয় দিচ্ছিলেন, এই দুজন ভূঁয়ো চিকিৎসককে আজ গ্রেপ্তার করা হয়েছে । কাছাড়ের সিনিয়র পুলিশ সুপার নোমাল মাহাত্তা আজ সাংবাদিকদের একথা জানিয়ে বলেছেন যে- পঙ্কজ চৌধুরী তার নিজের একই নামের উত্তর প্রদেশের অপর এক প্রকৃত চিকিৎসকের ভূঁয়ো ডিগ্রি এবং রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে শিলচরের একাধিক ক্লিনিক এবং ফার্মেসিতে রোগীর চিকিৎসা করে আসছিলেন । শ্রী মাহাত্তা আরো জানিয়েছেন - পঙ্কজের কাছে কোনো বৈধ সার্টিফিকেট না পাওয়ায় তাকে গ্রেপ্তার করা হয়েছে ।

এদিকে কালাইন থেকে গ্রেপ্তার হওয়া সুবীর চোধুরী নামক ভূঁয়ো ডাক্তারটি দীর্ঘদিন ধরে কালাইনে কোনো বৈধ ডিগ্রি ছাড়াই রোগীদের চিকিৎসা করে আসছিল । শ্রী মাহাত্তা জানান-

#বাইট

------------------------------------------------------------------------------------

শিলচরের আসাম বিশ্ববিদ্যালয়ে আজ থেকে হিন্দি পক্ষের সূচনা হয়েছে । বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক রাজীব মোহন পন্থ হিন্দি পক্ষের উদ্বোধন করে বলেন যে হিন্দি আমাদের জাতীয় ভাষা হওয়ার পাশাপাশি আমাদের সাংস্কৃতিক ঐতিহ্যের একটি অবিচ্ছেদ্য অংশ । এই পক্ষের মাধ্যমে হিন্দির গুরুত্ব তুলে ধরার পাশাপাশি হিন্দিকে দৈনন্দিন জীবনে গ্রহন করতে প্রেরনা যোগাবে বলে উপাচার্য শ্রী পন্থ জানান । হিন্দি পক্ষে হিন্দি রচনা লেখা , কবিতা পাঠ , বির্তক ও বকতৃতা প্রতিযোগীতা

অনুষ্ঠিত হবে । আজকের অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের রেজিষ্টার প্রদোষ কিরন নাথ , ডক্টর অজিতা তিওয়ারী , সুরেন্দ্র কুমার উপাধ্যায় প্রমূখ উপস্থিত ছিলেন । উল্লেখ্য আগামী ২৩শে সেপ্টেম্বর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে হিন্দি পক্ষ পালন করা হবে ।

---------------------------------------------------------------------------------------------------

সংস্কৃত ভাষার প্রচার ও প্রসারের লক্ষ্যে সমগ্র রাজ্যের সঙ্গে হাইলাকান্দি জেলায়ও আজ সংস্কৃত দিবস উদযাপন করা হয়েছে । হাইলাকান্দি শহরের শ্রীরামকৃষ্ণ নিম্বার্ক সংস্কৃত বিদ্যাপীঠে আজ সংস্কৃত দিবস উপলক্ষ্যে গীতা পাঠ , যোগাসন , আলোচনা সভা সহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । পরে সংস্কৃত ভাষার প্রচার ও প্রসারে সরকারের ভূমিকা নিয়ে দক্ষিন অসম সংস্কৃত ভারতীর প্রান্ত মন্ত্রী গৌতম চক্রবর্তী বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার মকইভাঙ্গার কাছে কান্দিগ্রাম এলাকায় ছ'নম্বর জাতীয় সড়কে আজ সংঘটিত এক সড়ক দুর্ঘটনায় একজনের মৃত্যু হয়েছে । শ্রীভূমি থেকে বদরপুর অভিমুখে যাওয়া একটি ট্রাকের সঙ্গে ভাঙ্গা অভিমুখী একটি ই-রিক্সার সংঘর্ষ হয় । এরফলে ঘটনাস্থলে ই-রিক্সার চালক প্রাণ হারান । ওই ব্যক্তি বদরপুরের কমলাপাড়া এলাকার বাসিন্দা বলে আমাদের শ্রীভূমি সংবাদদাতা জানিয়েছেন । দুর্ঘটনার খবর পেয়ে বদরপুর থানার পুলিশ দ্রুত ঘটনাস্থলে ছুটে গিয়ে মৃতদেহটি উদ্ধার করে করিমগঞ্জ সিভিল হাসপাতালে পাঠিয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

শ্রীভূমির 'মেরা যুবা ভারতে'র ব্যবস্থাপনায় এবং শ্রীভূমি জেলা প্রশাসন ও শেরুলবাগ নেতাজী সংঘের সহযোগীতায় গতকাল শেরুলবাগ আর কে আর সি এম ই স্কুল প্রাঙ্গনে ভারতরত্ন ডক্টর ভূপেন হাজারিকার জন্ম শতবর্ষ পালন করা হয়েছে । প্রথমে ডক্টর ভূপেন হাজারিকার প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো ও প্রদীপ প্রজ্বোলনের মাধ্যমে অনুষ্ঠানে সূচনা হয় । পরে বিদ্যালয়ের প্রধান শিক্ষক যীশু রায়ের পৌরহিত্যে আয়োজিত আলোচনা সভায় ডক্টর ভূপেন হাজারিকার জীবনের বিভিন্ন দিক নিয়ে নেহরু যুব কেন্দ্রের পক্ষে দেবব্রত দাস , শিক্ষা বিভাগের সি আর সি সি অরিন্দম দাস প্রমূখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------------------------

মাদকাসক্তদের চিকিৎসা ও পুর্নবাসন সুনিশ্চিত করা সহ নেশা জাতীয় দ্রব্যের বিরুদ্ধে জনসচেতনতা সৃষ্টির জন্য শিলচর গান্ধীভবনে আজ এক সভার আয়োজন করা হয় । স্বেচ্ছাসেবী সংস্থা রুট টু কানেক্ট এবং সামাজিক ন্যায় ও সবলীকরণ বিভাগের উদ্যোগে

২০২৫-২৬ অর্থ বছরের জন্য রাজ্য কর্মপরিকল্পনা এবং জাতীয় মাদক চাহিদা হ্রাস কর্মপরিকল্পনার অংশ হিসেবে এই সভার আয়োজন করা হয় । সহকারী আয়ুক্ত তথা তথ্য ও জনসংযোগ বিভাগের শিলচর আঞ্চলিক কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত উপ-সঞ্চালক এবং দায়িত্বপ্রাপ্ত সমাজকল্যাণ আধিকারিক দীপা দাস সভায় পৌরহিত্য করে শারিরীক , মানসিক ও সামাজিক ক্ষেত্রে মাদক দ্রব্যের কুপ্রভাবের বিষয়ে আলোকপাত করেন । মাদক দ্রব্যের আসক্তি প্রতিরোধ এবং সচেতনতার ক্ষেত্রে কাছাড় জেলার সংবাদমাধ্যমের ভূমিকা সম্পর্কেও সভায় বিস্তারিত আলোচনা করা হয় ।

-----------------------------------------------------------------------------------

আসাম ক্রিকেট সংস্থার উদ্যোগে আগামীকাল থেকে কনকলতা বড়ুয়া মহিলা আন্তঃজেলা ক্রিকেট প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে । ই-২০ ফরম্যাটে অনুষ্ঠেয় এই প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দলগুলিকে ছ'টি গ্রুপে ভাগ করা হয়েছে । আগামীকাল থেকে গ্রুপ পর্যায়ের খেলা অনুষ্ঠিত হবে । এবং আগামী বিশে সেপ্টেম্বর থেকে দ্বিতীয় রাউন্ডের খেলা এবং ২৪শে সেপ্টেম্বর ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে । আসাম ক্রিকেট সংস্থার মুখ্য কার্যবাহী আধিকারিক প্রীতম মহন্ত এক প্রেস বিজ্ঞপ্তিতে এখবর জানিয়েছেন।

-----------------------------------------------------------------------------------